



নম্বর: ৪৬.১০.০০০০.০০০.০০৯.১১.০০০৩.২৫.

তারিখ: ভাদ্র ১৪৩৩
সেপ্টেম্বর ২০২৬

নিয়োগপত্র

বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল-এর ১৮ আগস্ট ২০২৬ তারিখের ২০২৬/২৩তম সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রতিবেদন, ডোপ টেস্ট ও স্বাস্থ্য বিষয়ক সার্টিফিকেটের আলোকে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর স্থানীয় সরকার শাখার রাজস্ব খাতভুক্ত “গাড়িচালক”-এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১৬তম গ্রেডে (৯৩০০-২২৪৯০/- টাকার বেতন স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

মেধা ক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
০১	২৫	নাম: মোঃ মিরাজ হোসেন পিতার নাম: মোঃ আবদুর রব হাওলাদার মাতার নাম: মোসাঃ মমতাজ বেগম	বাসা ও সড়ক: হাওলাদার বাড়ী গ্রাম: পশ্চিম ভূতের দিয়া ইউনিয়ন: কদারপুর ডাকঘর: ভূতের দিয়া উপজেলা: বাবুগঞ্জ জেলা: বরিশাল	বাসা ও সড়ক: হাওলাদার বাড়ী গ্রাম: পশ্চিম ভূতের দিয়া ইউনিয়ন: কদারপুর ডাকঘর: ভূতের দিয়া উপজেলা: বাবুগঞ্জ জেলা: বরিশাল
০২	০৬	নাম: মোঃ ইমরান হোসেন পিতার নাম: আবদুল মালেক সিকদার মাতার নাম: রেনু বেগম	বাসা ও সড়ক: সিকদার বাড়ী গ্রাম: চরাদী ইউনিয়ন: চরাদী ডাকঘর: রানীর হাট উপজেলা: বাকেরগঞ্জ জেলা: বরিশাল	বাসা ও সড়ক: সিকদার বাড়ী গ্রাম: চরাদী ইউনিয়ন: চরাদী ডাকঘর: রানীর হাট উপজেলা: বাকেরগঞ্জ জেলা: বরিশাল

নিয়োগের শর্তাবলী:

- ০১। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ০২। প্রার্থী যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে তার/তাদের এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;
- ০৩। চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- ০৪। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- ০৫। চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- ০৬। চাকরিতে যোগদানের সময় নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রসমূহ দাখিল করতে হবে

ক. নিয়োগপত্রের ফটোকপি-০২ (দুই) কপি;

খ. নিয়োগ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি-০২ (দুই) কপি;

গ. শিক্ষাগত যোগ্যতা ও অতিরিক্ত যোগ্যতার (ডোইভিং লাইসেন্স) সকল সনদপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

ঘ. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

ঙ. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(Signature)

- চ. সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৪(চার) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ছ. যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রযোজ্য ক্ষেত্রে);
- জ. কোটার সনদপত্রের ফটোকপি (মুক্তিযোদ্ধা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য)-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৭। চাকরিতে যোগদানের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যাংক হিসাব খুলে উহার তথ্য (ব্যাংক হিসাবের নাম, ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক শাখার নাম ও রাউটিং নম্বর) এবং নিজ মোবাইল নম্বর লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে (যা দ্বারা বেতন নির্ধারণ করা হবে এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না);
- ০৮। The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত 'সরকারি কর্মচারীর সম্পদ বিবরণী' ফরমে) যোগদানের সময় জমা দিতে হবে;
- ০৯। প্রার্থীকে চাকরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না বা কোন যৌতুক দিবেন না";
- ১০। চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- ১১। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ১২। চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- ১৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদান করতে সম্মত হলে আগামী ১৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ০৯.০০ টায় "পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল"-এর বরাবরে স্বহস্তে লিখিত যোগদানপত্রসহ চাকরিতে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

মোঃ আহসান হাবিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

০২৪৭৮৮৩৩৯৮৬

ই-মেইল: dlqdivcombarishal@mopa.gov.bd

নম্বর: ৪৬.১০.০০০০.০০০.০০৯.১১.০০০৩.২৫.৪২৯/০১(২২)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. বিভাগীয় কমিশনার, বরিশাল ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল;
৫. উপপুলিশ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বরিশাল রেঞ্জ, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল;
৬. পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল;
৭. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব), বরিশাল;
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল;
৯. জেলা প্রশাসক, বরিশাল;
১০. উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা/বাজেট ও অডিট অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. উপসচিব, মনিটরিং-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

১২. পুলিশ সুপার, বরিশাল;
১৩. সিভিল সার্জন, বরিশাল;
১৪. উপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল;
১৫. উপপরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল;
১৬. ডিভিশনাল কমেন্ট্রোলার অব এ্যাকাউন্টস, বরিশাল;
১৭. সিনিয়র সহকারী কমিশনার ও সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল;
১৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৯. সহকারী পরিচালক, জেলা জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ অধিদপ্তর, বরিশাল;
২০. জনাব মোঃ মিরাজ হোসেন, পিতা: মোঃ আবদুর রব হাওলাদার, বাসা ও সড়ক: হাওলাদার বাড়ী, গ্রাম: পশ্চিম ভূতের দিয়া, ইউনিয়ন: কেদারপুর, ডাকঘর: ভূতের দিয়া (৮২১০), উপজেলা: বাবুগঞ্জ, জেলা: বরিশাল;
২১. জনাব মোঃ ইমরান হোসেন, পিতা: আবদুল মালেক সিকদার, বাসা ও সড়ক: সিকদার বাড়ী, গ্রাম: চরাদী, ইউনিয়ন: চরাদী ডাকঘর: রানীর হাট (৮২৮০), উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।


মোঃ আহসান/হাবিহ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)